

প্রেস বিজ্ঞপ্তি

সিএনজি'র মূল্য বৃদ্ধির প্রেক্ষিতে ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার জন্য সিএনজি চালিত বাসের পরিচালনা ব্যায় বিশেষণের ভিত্তিতে সরকার কর্তৃক ভাড়ার হার নির্ধারণ করা হয়েছে। এই ভাড়ার হার অবিলম্বে কার্যকর হবে মর্মে উলেখ থাকলেও শর্ত থাকে যে (ক) বাসের মধ্যে যাত্রীদের দৃশ্যমান স্থানে দূরত্বসহ ভাড়ার হার সম্বলিত চার্ট প্রদর্শন করতে হবে (খ) যাত্রীদের কাউন্টার হতে টিকেট প্রদান করতে হবে ইত্যাদি। লক্ষ্য করা গেছে যে, এই ভাড়ার হার কার্যকর করার ক্ষেত্রে বেশ কিছু অনিয়ম এবং যাত্রী ও বাস অপারেটরদের মধ্যে ভুল বুঝাবুঝির সৃষ্টি হয়েছে। এ ধরনের জটিলতার অবসানকল্পে বিআরটিএ'র পক্ষ হতে এসোসিয়েশন অব বাস কোম্পানীজ এর সাথে আলোচনা হয়েছে। এ আলোচনা মোতাবেক আগামী ১৮/০৬/২০০৮ তারিখের মধ্যে সকল বাসে এবং কাউন্টারে ভাড়ার চার্ট প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

যাত্রী সাধারণের অবগতির জন্য জাতীয় দৈনিক পত্রিকায় ভাড়ার হার সহ নিয়মাবলী প্রকাশের ব্যবস্থা নেয়া হয়েছে। ১৭/০৬/০৮ তারিখে বিআরটিএ'র পক্ষ থেকে বেশী ভাড়া আদায়ের অভিযোগের প্রেক্ষিতে বিশেষ অভিযান পরিচালনা শুরু করা হয়েছে। বিআরটিএ'র মোবাইল কোর্টের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে এবং ডিএমপি কর্তৃপক্ষ বিশেষ অভিযান পরিচালনা শুরু করেছে।

যে সকল পরিবহন কোম্পানী/বাস অপারেটর সরকার কর্তৃক নির্ধারিত হারের চেয়ে বেশী ভাড়া আদায় করবে বা ভাড়ার চার্ট প্রদর্শন এবং টিকেট প্রদান ব্যতীত ভাড়া আদায় করবে তাদের ব্যাপারে তাৎক্ষণিকভাবে নিকটস্থ আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবগত করানোর জন্য যাত্রী সাধারণকে অনুরোধ করা যাচ্ছে।